# কেএসএম শিক্ষা-সেবা ট্রাস্ট

একটা আদর্শ পরিবেশ ও সুস্থ সমাজ গঠনে ইসলামি, কারিগরি ও বিজ্ঞানমুখী আধুনিক শিক্ষার সম্মিলনে সমন্বিত শিক্ষাপ্রতিষ্ঠানের গুরুত্ব বর্তমান সমাজে অনস্বীকার্য। সে-সাথে ছাত্রছাত্রীদের এবং যুবসমাজের বহুমুখী কারিগরি জ্ঞান ও সমাজ উন্নয়নমূলক প্রশিক্ষণ থাকা বিশেষ প্রয়োজন। আবার গ্রামের দুঃস্থ, অসচ্ছল ও সাধারণ জনগোষ্ঠীর প্রাথমিক স্বাস্থ্যসেবা প্রদান আরেকটা প্রয়োজ-নীয় বিষয়। কেএসএম শিক্ষা-সেবা ট্রাস্ট এসব বহুমুখী বিষয়কে সামনে রেখে এলাকাবাসীর সক্রিয় সহযোগিতায় ও নির্দেশনায় জনহিতকর কাজ করার জন্য এক মহতী উদ্যোগ– 'কেএসএম শিক্ষা-সেবা কমপ্লেক্স' নির্মাণের কাজ হাতে নিয়েছে। কেএসএম শিক্ষা-সেবা ট্রাস্ট একটা অলাভজনক, অরাজনৈতিক ও সামাজিক সেবাধর্মী প্রতিষ্ঠান।



প্রস্তাবিত মাদ্রাসা ভবনের নির্ধারিত জায়গা

কেএসএম শিক্ষা-সেবা কমপ্লেক্স-এ অন্তর্ভূক্ত শিক্ষা, যুব-প্রশিক্ষণ ও সেবাদানকারী প্রতিষ্ঠানসমূহ:

• **মসজিদভিত্তিক শিক্ষা কার্যক্রম :** পূর্ণবয়স্ক মহিলা ও পুরুষদের জন্য অবসর-সময়ে/সান্ধ্যকালীন সাধারণ শিক্ষা ও কোরআন শিক্ষার ব্যবস্থা।

• **কেএসএম ইসলামিক মডেল একাডেমি :** বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে একটা ব্যতিক্রমধর্মী ইসলামি শিক্ষা প্রতিষ্ঠান। প্রথম শ্রেণী থেকে আলিম শ্রেণী পর্যন্ত সকল ছাত্রছাত্রীকে মানসম্পন্ন সমন্বিত ইসলামি-শিক্ষার ব্যবস্থা। ছাত্রছাত্রীদেরকে সমাজমুখী, বাস্তবমুখী প্রায়োগিক জ্ঞান, ইংরেজি ও বাংলা ভাষার যথাযথ সক্ষমতা দিয়ে সুনাগরিক করে গড়ে তোলা এ প্রতিষ্ঠানের উদ্দেশ্য। এজন্য, শিক্ষকদের উন্নত চরিত্রের অধিকারী, প্রকৃত শিক্ষায় শিক্ষিত ও আত্ম-উৎসর্জক হওয়ার প্রতি অত্র শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষা-ব্যবস্থাপনা গুরুত্ব আরোপ করে।

• **রাবেয়া বেগম হিফজুল কোরআন একাডেমি :** ইসলামি জ্ঞানে সমৃদ্ধ ছেলে-মেয়েদেরকে 'কোরআনের পাখি' গড়ার লক্ষ্যে একটা স্বতন্ত্র হেফজখানা। বর্তমানে এখানে ৩০/৩৫ জন শিক্ষার্থী কোরআন হেফজ করছে।



মাদ্রাসা ও এতিমখানা ভবন

- **কেএসএম শিশু পরিবার :** দুঃস্থ ও অসহায় এতিমদের থাকা, খাওয়া ও শিক্ষার সুবিধাসহ পারিবারিক স্নেহ-মমতায় গড়ে তোলার জন্য একটা আদর্শ এতিমখানা। জাতি, ধর্ম, বর্ণ নির্বিশেষে ১০০ জন ছেলে-মেয়ে নিয়ে এ শিশু পরিবার গড়ে উঠবে। বর্তমানে এখানে ১৫/২০ জন এতিম শিশুর থাকা, খাওয়া ও শিক্ষার ব্যবস্থা করা হয়।



নির্মানাধীন 'শিক্ষা-সেবা কমপ্লেক্স' -এর অফিস ও রেস্ট হাউস

- **কেএসএম টেকনিক্যাল ট্রেইনিং একাডেমি :** বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে একটা কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানে পাঠরত শিক্ষার্থীদের জন্য বিভিন্ন কর্মমুখী কারিগরি-শিক্ষা কোর্স এবং এলাকার বেকার ও ছদ্মবেকারদের জন্য সময় উপযোগী কারিগরি ও বৃত্তিমূলক প্রশিক্ষণ ও সার্টিফিকেট কোর্সের ব্যবস্থা।

- **আল্লামা আব্দুল মোতালেব কমিউনিটি ক্লিনিক :** এলাকার মহিলা, শিশু ও বয়োবৃদ্ধদের সাধারণ ও প্রাথমিক চিকিৎসা প্রদানের জন্য একটা নির্ভরযোগ্য কমিউনিটি ক্লিনিক। এছাড়াও, গরিব ও অসহায় এলাকাবাসীর জন্য বিনামূল্যে স্বাস্থ্যসেবা প্রদানের ব্যবস্থা।

- **কেএসএম যুব উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্র :** যুবপ্রশিক্ষণের মাধ্যমে এলাকার উন্নয়ন ও জাতীয় অর্থনীতিতে অবদান রাখার লক্ষ্য নিয়ে প্রশিক্ষণ কেন্দ্রটি পরিচালিত। এলাকার বেকার ও কর্মজীবী যুবক-যুবতীদের জন্য জীবন ও কর্মমুখী অনুপ্রেরণামূলক কর্মশালা ও প্রশিক্ষণের মাধ্যমে সমাজ-উন্নয়নে-সক্ষম জনশক্তি গঠন এই প্রশিক্ষণ কেন্দ্রের উদ্দেশ্য।

• **এএফএম আ. বারী মোল্লা কমিউনিটি লাইব্রেরি :** বিভিন্ন বয়সের মানুষের মধ্যে বই পড়ার অভ্যাস গড়ে তুলতে এবং জ্ঞানের বিকাশ-সাধনের জন্য কমিউনিটি লাইব্রেরির প্রয়োজন। সুস্থ ও মননশীল চিন্তার বিকাশে এদেশীয় মূল্যবোধ ও সংস্কৃতি, নৈতিকতাসম্পন্ন আদর্শ নাগরিক তৈরী করার জন্য এই কমিউনিটি লাইব্রেরির ব্যবস্থা।

**কমপ্লেক্সের অবস্থান :** চুয়াডাঙ্গা জেলার অন্তর্গত দত্তাইল-শম্ভুনগর গ্রামের মধ্যবর্তী স্থানে গাছগাছালিতে ভরপুর পল্লী এলাকার সৌন্দর্যমণ্ডিত ছায়া-ঘেরা পুরাতন মসজিদ চত্বরে মসজিদের জমিসহ মোট দশ বিঘা (প্রায়) জমিকে কেন্দ্র করে এ 'শিক্ষা-সেবা কমপ্লেক্স' কার্যক্রম পরিচালিত হচ্ছে। বর্তমান ট্রাস্টি-বোর্ড অদূর ভবিষ্যতে জমির পরিমাণ আরো বাড়ানোর আশা রাখে।

**ব্যবস্থাপনা :** কেএসএম শিক্ষা-সেবা ট্রাস্ট দুটো উইংয়ের মাধ্যমে তার সার্বিক কার্যক্রম পরিচালনা করে– মসজিদভিত্তিক শিক্ষা উইং; এবং সাধারণ ও কারিগরি শিক্ষা-সেবা উইং। মসজিদভিত্তিক শিক্ষা উইং মসজিদ কমিটির মাধ্যমে এর কার্যক্রম পরিচালনা করে। সাধারণ ও কারিগরি শিক্ষা-সেবা উইং দুটো আলাদা কাউন্সিলের মাধ্যমে তার সার্বিক কার্যক্রম পরিচালনা করে– একাডেমিক এ্যান্ড গভার্নিং কাউন্সিল (AGC), এবং ওয়ার্কিং এ্যান্ড অ্যাকটিভিটিজ কো-অর্ডিনেশন (WAC) কাউন্সিল।

▪ **একাডেমিক এ্যান্ড গভার্নিং কাউন্সিল (AGC) :** এ কাউন্সিল বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে কর্মরত প্রথিতযশা ব্যক্তিবর্গ, এলাকার কৃতি সন্তান এবং শিক্ষানুরাগী ও জনপ্রতিনিধিদের নিয়ে গঠিত। সাধারণ-কারিগরি-ইসলামি শিক্ষা-সেবা পরিচালনা এবং আনুষঙ্গিক কার্যক্রম বিষয়ে পরামর্শক হিসেবে দায়িত্ব পালন করা এ কাউন্সিলের কাজ।

▪ **ওয়ার্কিং এ্যান্ড অ্যাকটিভিটিজ কো-অর্ডিনেশন (WAC) কাউন্সিল :** এলাকার সমাজসেবীদের নিয়ে এ কাউন্সিল গঠিত। পরামর্শদান ও পরিকল্পনা বাস্তবায়নের জন্য ট্রাস্ট কর্তৃক মনোনীত ব্যক্তিবর্গের সক্রিয় অংশগ্রহণে কমপ্লেক্সের শিক্ষা, সামাজিক ও কল্যাণমুখী সার্বিক কার্যক্রম সর্বতভাবে দেখাশুনা করা এবং জনসেবা করা এ কাউন্সিলের কাজ। এ

কাউন্সিল কমপ্লেক্সের সকল কর্মকাণ্ডের মূল চালিকাশক্তি। কাউন্সিল সামষ্টিকভাবে কার্যক্রমের উন্নতি ও পরিবর্ধন বিষয়ে ট্রাস্টকে দিক-নির্দেশনা ও সুপরামর্শ দেবে, সাধারণ মানুষকে ও সেবগ্রহীতাকে প্রতিষ্ঠানের সাথে সম্পৃক্ত করবে, মাসিক চাঁদার মাধ্যমে কার্যক্রমকে সচল রাখবে, এ অঞ্চলের কমিউনিটি মেম্বারদের প্রতিনিধি ও সমাজসেবী হিসেবে অংশগ্রহণমূলক কাজ করবে এবং বিভিন্ন কার্যাবলীর মধ্যে সমন্বয়সাধন করবে। মূলত, WAC কাউন্সিল সকল কার্যক্রমের কেন্দ্রবিন্দু হিসেবে দায়িত্ব পালন করবে।

**কেএসএম শিক্ষা-সেবা কমপ্লেক্স** স্থানীয় ব্যক্তিবর্গ ছাড়াও, এলাকার বাইরে অবস্থানরত যে-সকল ব্যক্তিকে শিক্ষা ও প্রশাসন সমন্বয়ক, পরামর্শক ও শুভানুধ্যায়ী হিসেবে সাথে নিয়ে কর্মসূচি বাস্তবায়ন করতে চায়, তাঁরা হলেন:

- অধ্যাপক ড. হাসনান আহমেদ, উপ-উপাচার্য, ইউআইইউ, ঢাকা।
- অধ্যাপক ড. হায়দার আলী, কম্পিউটার সাইন্স এ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- অধ্যাপক ড. ফরিদ এ. সোবহানী, পরিচালক– এমবিএ প্রোগ্রাম, ইউআইইউ, ঢাকা।
- অধ্যাপক ড. হাসানুর রায়হান জোয়ার্দার, পরিচালক– আইবিইআর, ঢাকা।
- অধ্যাপক ড. আব্দুল্লাহ আবু সাঈদ খান, সমাজবিজ্ঞান বিভাগ, খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা।



দত্তাইল-শম্ভুনগর পুরাতন মসজিদ

- ড. মোহাম্মদ কামাল হোসেন, চেয়ারম্যান, এআইএস বিভাগ, যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, যশোর।
- জনাব মোঃ আবুল কাশেম, সাবেক প্রধান শিক্ষক, সরোজগঞ্জ উচ্চ বিদ্যালয়, চুয়াডাঙ্গা।
- জনাব মোঃ আজিজুল হক, সরোজগঞ্জ বাজার, চুয়াডাঙ্গা।
- জনাব মোঃ মজিবর রহমান বিশ্বাস, সরোজগঞ্জ বাজার, চুয়াডাঙ্গা।
- মেজর মোঃ হাবিবুর রহমান, ইবি (অবঃ), জিএম, অরনেট সিকিউরিটি সার্ভিসেস লিঃ, গুলশান, ঢাকা।
- জনাব মোঃ আব্দুল কাদের, জেলা বীজ প্রত্যয়ন অফিসার, বিসিএস (কৃষি), শরীয়তপুর।
- জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, পরিচালক (অর্থ), উদ্দীপন, ঢাকা।
- জনাব মাহফুজা খাতুন, এআরডিও (অবঃ), বিআরডিবি, কাশিয়ানি, গোপালগঞ্জ।
- জনাব মোঃ আমিরুল ইসলাম (লাভলু), কমান্ডার, বা.নৌ.বা., ঢাকা।
- ডাক্তার মোঃ সাইফুল্লাহ (রাসেল), সহকারী অধ্যাপক, মেডিসিন বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ, ঢাকা।
- মুফতি মোঃ ওমর ফারুক, ইসলামিয়া কওমিয়া ক্বিরাতুল কোরআন মাদ্রাসা, কোটচাঁদপুর, ঝিনাইদহ।
- প্রিন্সিপ্যাল, কাবিলনগর নুরুল উলুম আলিম মাদ্রাসা, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা। (পদাধিকার বলে)
- চেয়ারম্যান, কুতুবপুর ইউনিয়ন কাউন্সিল, চুয়াডাঙ্গা। (পদাধিকার বলে)

**যোগাযোগ ও ঠিকানা :**

কেএসএম শিক্ষা-সেবা ট্রাস্ট, দত্তাইল-শম্ভুনগর পুরাতন মসজিদ অঙ্গন, সরোজগঞ্জ, চুয়াডাঙ্গা।
ফোন ঃ ০১৭১৮৬৩৪০৫৭
[redacted]